



এই ছুটির মরশুমে ভ্রমণ করবেন না।

যদি বেরোন কোয়ারান্টাইন করার জন্য প্রস্তুত থাকুন।



মার্কিন যুক্তরাষ্ট্র জুড়ে এবং বহু অন্যান্য দেশে COVID-19 এর ব্যাপক সংক্রমণ রয়েছে। এই মুহূর্তে ভ্রমণ করলে তা আপনাকে, আপনার পরিবারকে এবং আপনার সম্প্রদায়কে বিপদে ফেলতে পারে যেহেতু তা আপনার COVID-19 হওয়ার এবং ছড়ানোর সম্ভাবনাকে বাড়িয়ে তোলে। যদি আপনাকে ভ্রমণ করতেই হয়, আপনাকে বাড়িতে ফেরার পরে কোয়ারান্টাইন অবশ্যই করতে হবে। আপনার উপসর্গ ছাড়াই COVID-19 থাকতে পারে এবং উপসর্গ ছাড়া মানুষ ভাইরাসটি ছড়াতে পারে।

নিউ ইয়র্ক স্টেটে পৌঁছছেন?

- আপনাকে অবশ্যই **NYS ট্রাভেল হেলথ ফর্ম** ভর্তি করতে হবে (লিঙ্কটি ক্লিক করুন অথবা QR কোডটি স্ক্যান করুন অ্যাক্সেস করার জন্য) পৌঁছানোর পরে কোয়ারান্টাইন করুন।
 - মার্কিন যুক্তরাষ্ট্রের সকল আগমনগুলি **কেবল** কানেক্টিকাট, ম্যাসাচুসেটস, নিউ জার্সি, পেন্সিলভানিয়া বা ভার্মন্ট বাদে
 - বেশির ভাগ আন্তর্জাতিক আগমনগুলি
- আপনাকে অবশ্যই **কোয়ারান্টাইন করতে হবে!** 10 দিনের জন্য ভ্রমণের কোয়ারান্টাইন যদি না আপনি দুটি নেতিবাচক COVID-19 পরীক্ষার ফল পান, এইরকম:
 - 1) নিউ ইয়র্কে পৌঁছানোর 72 ঘণ্টা আগে পরীক্ষা করান
 - 2) পৌঁছোবার 4 দিন পরে পরীক্ষা করান।
- এই আবশ্যিকতাগুলি মেনে চলতে ব্যর্থ হলে তা আর্থিক জরিমানা এবং অন্যান্য শাস্তির কারণ হতে পারে।



যখন রাস্তায় বা বাড়িতে থাকবেন, সব সময় এক মূল COVID-19 প্রতিরোধ করার ক্রিয়া অনুশীলন করুন।

- **বাড়িতে থাকুন:** যদি আপনি সুস্থ বোধ না করেন, COVID-19 এর পরীক্ষায় ইতিবাচক ফল পেয়ে থাকেন, অথবা এমন কারো নিকট নিকট সংস্পর্শে এসে থাকেন যার COVID-19 আছে তাহলে বাড়িতে থাকুন।
- **দূরত্ব বজায় রাখুন:** অন্যদের থেকে অন্তত 6 ফুট দূরে থাকুন।
- **একটি মুখের আবরণ পরুন:** বাড়ির বাইরে থাকার সময় সব সময় মুখে একটি আবরণ পরার মাধ্যমে নিজেকে এবং চারপাশের অন্যদেরকে সুরক্ষিত রাখুন। NYS এর সকল গণ পরিবহনে (গাড়ির পরিষেবা সহ) এবং বিমান, ট্রেন ও বাসের কেবিনে যাতায়াতের সময় মুখে আবরণ পরা বাধ্যতামূলক।
- **আপনার হাতগুলি পরিষ্কার রাখুন:** প্রায়শই আপনার হাত ধোনা এবং ভ্রমণের সময় ব্যবহারের জন্য অ্যালকোহল-ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার সাথে রাখুন। না ধোয়া হাতে আপনার মুখ স্পর্শ করা এড়িয়ে চলুন এবং আপনার কাশি ও হাঁচি ঢাকুন।

আরো তথ্যের জন্য:

দেখুন ny.gov/traveladvisory বা
কল করুন 888-364-3065।

